গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯

# "বাংলাদেশ টেলিভিশন বিতর্ক প্রতিযোগিতা নিয়মাবলী ২০১৮"

**১.০ উপক্রমণিকা**

বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) একমাত্র রাষ্ট্রীয় অডিও ভিজুয়্যাল গণমাধ্যম। জনগণের নিকট তথ্য প্রদান, শিক্ষার প্রসার, সরকারি উন্নয়নমূলক কর্মকাণ্ডে জনগণকে উদ্বুদ্ধকরণ ও নির্মল আনন্দ প্রদান এ চারটি মূল লক্ষ্যকে সামনে রেখে এ প্রতিষ্ঠান অনুষ্ঠান প্রচার করে থাকে। তারই অংশ হিসেবে বিটিভি যুক্তি ও প্রযুক্তি নির্ভর মেধাবী প্রজন্ম সৃষ্টির প্রয়াসে মাধ্যমিক থেকে বিশ্ববিদ্যালয় পর্যায় পর্যন্ত ছাত্রছাত্রীদের মধ্যে বাংলা ও ইংরেজি ভাষায় বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করে থাকে। বিভিন্ন ক্যাটাগরিতে বিতর্ক প্রতিযোগিতা সুষ্ঠু, নিয়মতান্ত্রিক ও নিয়মিতভাবে আয়োজন ও সম্প্রচার করার নিমিত্ত এ নিয়মাবলী প্রণয়ন করা হলো।

**২.০ শিরোনাম**

এ নিয়মাবলী "বাংলাদেশ টেলিভিশন বিতর্ক প্রতিযোগিতা নিয়মাবলী ২০১৮" নামে অভিহিত হবে।

**৩.০ বিতর্ক প্রতিযোগিতার ক্যাটাগরি**

নিম্নলিখিত কয়েকটি ক্যাটাগরিতে বিতর্ক প্রতিযোগিতা নিয়মিত আয়োজন ও সম্প্রচার করা হবে :

৩.১ বাংলাদেশ টেলিভিশন স্কুল বিতর্ক প্রতিযোগিতা : মাধ্যমিক পর্যায়ের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে বাংলা ভাষায় এ বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা হবে;

৩.২ বাংলাদেশ টেলিভিশন কলেজ বিতর্ক প্রতিযোগিতা : উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে এ বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা হবে;

৩.৩ বাংলাদেশ টেলিভিশন জাতীয় বিতর্ক প্রতিযোগিতা : পাবলিক বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের অংশগ্রহণে বাংলা ভাষায় এ বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা হবে;

৩.৪ বাংলাদেশ টেলিভিশন ইংলিশ পার্লামেন্টারি ডিবেট কম্পিটিশন (Bangladesh Television English Parliamentary Debate Competition) : রাজধানী ঢাকাসহ সব জেলায় অবস্থিত প্রতিষ্ঠিত/ঐতিহ্যবাহী স্কুলের ইংলিশ ভার্সন শাখা ও ইংরেজি মাধ্যম স্কুলের A/O লেভেল পর্যায়ের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে ইংরেজি ভাষায় বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা হবে;

৩.৫ অন্যান্য বিতর্ক প্রতিযোগিতা : বাংলাদেশ টেলিভিশনে গৃহীত বিভিন্ন প্রকল্পের অর্থায়নে বাংলা ভাষায় বিভিন্ন পর্যায়ের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে বিশেষ ইস্যুভিত্তিক বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা হবে।

**৪.০ বিতর্ক প্রতিযোগিতার জন্য দল বাছাইকরণ**

৪.১ বিটিভি ওয়েবসাইট, বিটিভি স্ক্রল ও বিটিভি ফেইসবুক প্রভৃতির মাধ্যমে আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হবে;

৪.২ অংশগ্রহণকারী দলগুলো থেকে বিটিভিতে সম্প্রচারের জন্য মানসম্পন্ন দলগুলো বাছাইকরণের জন্য একটি বাছাই কমিটি করা হবে।

কমিটির কাঠামো নিম্নরূপ:

| | |
|---|---|
| ক) উপ-মহাপরিচালক(অনুষ্ঠান) | সভাপতি |
| খ) পরিচালক (অনুষ্ঠান) | সদস্য |
| গ) জেনারেল ম্যানেজার | সদস্য |
| ঘ) প্রোগ্রাম ম্যানেজার (বিতর্ক) | সদস্য |
| ঙ) দায়িত্বপ্রাপ্ত প্রযোজক | সদস্য সচিব |

**৫.০ বিতর্কে অংশগ্রহণের জন্য আবেদন প্রক্রিয়া**

৫.১ বিটিভির ওয়েবসাইটে একটি নির্দিষ্ট ফরম সংরক্ষিত থাকবে;

৫.২ আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠান/বিতার্কিক দলকে সংশ্লিষ্ট আবেদন ফরমে অনলাইনে আবেদন করতে হবে;

৫.৩ অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিশেষ কোন প্রমাণক থাকলে আবেদনে উল্লিখিত ঠিকানায় মেইলযোগে পাঠাতে হবে।

**৬.০ বিতর্কের বিষয় নির্ধারণ**

৬.১ বিটিভি কর্তৃক গঠিত নির্ধারিত কমিটির (অনুচ্ছেদ ৪.২-এ গঠিত) সুপারিশকৃত বিষয়াবলি নিয়ে মহাপরিচালকের অনুমোদনের সাপেক্ষে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে;

৬.২ সমসাময়িক বিষয়াবলিও বিতর্কের বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করা যাবে;

৬.৩ প্রণীত/নির্ধারিত বিষয়াবলি রাষ্ট্রের ইতিহাস, ঐতিহ্য, স্বাধীনতা ও সংবিধানের সহিত সঙ্গতিপূর্ণ হতে হবে;

৬.৪ চরিত্রগঠন, জাতিগঠন ও উন্নয়নমূলক বিষয়াবলি এতে অন্তর্ভুক্ত থাকবে;

৬.৫ কোনভাবেই মুক্তিযুদ্ধের চেতনা, স্বাধীনতা, সংবিধান, রাষ্ট্রীয় মূলনীতি ও বিটিভির মূল উদ্দেশ্যের সহিত অসঙ্গতিপূর্ণ, সাংঘর্ষিক বিষয়াবলি অন্তর্ভুক্ত করা যাবে না।

**৭.০ বিতর্ক প্রতিযোগিতার বিচারক নির্ধারণ**

৭.১ কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, জাতীয় দৈনিকের সাংবাদিক, বরেণ্য প্রাক্তন বিতার্কিক,ব্যবসা,বাণিজ্য,সাহিত্য, শিল্প ও সাংস্কৃতিক কর্মকান্ডে খ্যাতিমান জাতীয় ব্যক্তিত্ব ,জনপ্রশাসনে কর্মরত পদস্থ কর্মকর্তাবৃন্দ বিতর্কের বিচারক হিসেবে অংশগ্রহণ করতে পারবেন;

৭.২ বিচারক নির্ধারণে সাবেক বিতার্কিকদের অগ্রাধিকার দিতে হবে;

৭.৩ বিচারকদের ভাষাজ্ঞান ও নির্ধারিত বিষয়ের উপর জ্ঞান ও অভিজ্ঞতা থাকা আবশ্যক;

৭.৪ ন্যূনপক্ষে সহকারী অধ্যাপক, স্টাফ রিপোর্টার/উপ-সম্পাদক, উপ-সচিব, সুপ্রিম কোর্টের আইনজীবী পর্যায়ের সম্মানিত ব্যক্তিবর্গ বিচারক হিসেবে অংশগ্রহণ করতে পারবেন;

৭.৫ যোগ্যতা ও অভিজ্ঞতা যাই থাকুক না, ফৌজদারি মামলায় অভিযুক্ত, চাকুরি থেকে বরখাস্তকৃত ব্যক্তি, জাতীয় দৈনিক ও সোশ্যাল মিডিয়ার বিরূপ খবর প্রচারিত হয়েছে এমন ব্যক্তিগণকে বিচারক হিসেবে আমন্ত্রণ জানানো যাবে না।

**৮.০ বিচারক ও অংশগ্রহণকারীদের সম্মানী**

৮.১ বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিচারক, ছাত্রছাত্রী, মোডারেটর, উপস্থাপক ও ঘন্টিবাদক সরকার কর্তৃক অনুমোদিত বিটিভির শিল্পীসম্মানী কাঠামো অনুযায়ী সম্মানী প্রদান করা হবে।

**৯.০ বিতার্কিক দলের জন্য *অনুসরণীয় বিষয়াবলী :***

৯.১ বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রত্যেক দল বিটিভি কর্তৃক আরোপিত লিখিত/মৌখিক নির্দেশনা মেনে চলবে;

৯.২ প্রত্যেক বিতার্কিক দল ঘোষিত ফলাফলের প্রতি শ্রদ্ধাশীল থাকবে। ঘোষিত ফলাফল নিয়ে কোন দলের কোন আপত্তি, অভিযোগ কিংবা রিভিউ চাইলে যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে;

৯.৩ লিখিত/মৌখিক নির্দেশনা অমান্যকারী দলের বিরুদ্ধে বিটিভি কর্তৃপক্ষ নিয়মানুগ ব্যবস্থা নিতে পারবে।

**১০.০ বিচারকগণ কর্তৃক নম্বর প্রদান *পদ্ধতি***

১০.১ বাংলাদেশ টেলিভিশন কর্তৃক সরবরাহকৃত নম্বরপত্রে বিচারক যথাযথভাবে নম্বর প্রদান করবেন;

১০.২ বিচারকগণ বিতার্কিকদের উপস্থাপন কৌশল, উচ্চারণ, বাচনভঙ্গি, মূল বিষয়ের ওপর যুক্তিআরোপ ও খণ্ডন, দলগত কাজ প্রভৃতিকে গুরুত্ব প্রদানপূর্বক একশত (১০০) নম্বরের মধ্যে মূল্যায়ণ করবেন।

**১১.০ পুরস্কার প্রদান**

১১.১ প্রত্যেক পর্বে বিজয়ী দলকে ক্রেস্ট দিয়ে পুরস্কৃত করা হবে;

১১.২ চূড়ান্ত পর্বে বিজয়ীদের (চ্যাম্পিয়ান, রানার্সআপ, তৃতীয়স্থান) ক্রেস্ট, ট্রফি ও সনদপত্র প্রদান করা হবে;

১১.৩ বিজয়ীদের নগদ অর্থ প্রদানের জন্য স্পন্সর সংগ্রহের প্রচেষ্টা চালাতে হবে;

১১.৪ স্পন্সর সংগ্রহে ব্যর্থ হলে বিটিভির শিল্পী সম্মানী কোড থেকে অর্থ সরবরাহপূর্বক চূড়ান্ত পর্ব ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন করা হবে।

**১২.০ অন্যান্য বিষয়াবলি**

১২.১ এ নিয়মাবলিতে যাই থাকুক না কেন বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোনো অংশের সংযোজন, পরিবর্তন বা বিয়োজন করার ক্ষমতা সংরক্ষণ করে;

১২.২ জনস্বার্থে বিটিভি কর্তৃপক্ষ যে কোনো বিতর্ক প্রতিযোগিতা স্থগিতকরণ, রহিতকরণ ও পুনর্বার চালু করতে পারবে।

মো: ইমাম হোসাইন
নির্বাহী প্রযোজক (চ:দা)